



দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)



ডি আর টাওয়ার (১৩তলা)
বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর সড়ক
(বঙ্গ কালভার্ট রোড)
পুরানা পল্টন, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি নম্বর: ০১/২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ: ১৭ ভদ্র ১৪২৮
০১ সেপ্টেম্বর ২০২১

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)-এ নিম্নোক্ত পদসমূহের বর্ণিত সংখ্যক পদ প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে অস্থায়ীভাবে পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

(১) (ক)

পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ এর অনুরূপ)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
অফিসার	টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি।	০১ টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বেকোন বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী থাকতে হবে (একাউন্টিং, ফিন্যান্স, ম্যানেজমেন্ট, অর্থনীতি, এমবিএ এবং ইংরেজী বিষয়ের শিক্ষার্থীদের অগ্রাধিকার দেয়া হবে), তবে শিক্ষা জীবনে কোনো স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না।
অফিসার (আইটি)	টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি।	০১ টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স(সিএস)/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং(সিএসই)/ ইনফরমেশন টেকনোলজি/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী থাকতে হবে, তবে শিক্ষা জীবনে কোনো স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না।

(খ) উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে উপরোক্ত পদ সংখ্যা বৃদ্ধি পেতে পারে।

(২) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নক্রমে নির্ধারিত হবে :

(ক) এস এস সি বা সমমান এবং এইচ এস সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে :

জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ

(খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে :

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি / বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	
জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব	৩.৭৫ বা তদুর্ধ্ব	প্রথম শ্রেণি / বিভাগ
জিপিএ ২.২৫ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদুর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় শ্রেণি / বিভাগ

(৩) বয়স (২৫/০৩/২০২০ তারিখে) : ক) মুক্তিযোদ্ধার সন্তান ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।

খ) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

(৪) আবেদন ফি এর পরিমাণ : পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য টা. ৫০০/- (পাঁচশত টাকা) মাত্র ব্যাংক ড্রাফট/পেমেন্ট অর্ডার মহাসচিব, আইবিবি বরাবরে বাংলাদেশের বেকোন তহসিলি ব্যাংকের শাখা হতে আইএফআইসি ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, ঢাকার উপর ইস্যু করে তা আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।

(৫) আবেদনপত্র দাখিলের নিয়মাবলী :

(ক) সহস্রে লিখিত আবেদনপত্রে - (অ) প্রার্থীর নাম (আ) পিতা/স্বামীর নাম (ই) মাতার নাম (ঈ) স্থায়ী ঠিকানা (উ) বর্তমান ঠিকানা (উ) জন্ম তারিখ (খ) জাতীয়তা (এ) বয়স (ঐ) ধর্ম (ও) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ থাকতে হবে।

(খ) জাতীয়তা ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের অনুলিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তাদ্বারা সত্যায়ন করতে হবে।

(গ) আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তাদ্বারা সত্যায়ন করে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে উপযুক্ত দলিল দাখিল করতে হবে।

(ঙ) তারিখ ও ইস্যুকারী ব্যাংকের নামসহ ব্যাংক ড্রাফট/পেমেন্ট অর্ডার নং উল্লেখ করতে হবে।

(চ) আবেদনপত্রে প্রার্থীকে যথাযথভাবে স্বাক্ষর করতে হবে।

(৬) অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

(৭) চাকুরিরত প্রার্থীগণও স্ব-স্ব কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবেন।

(৮) প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে জানানো হবে।

(৯) আবেদনপত্র এবং খামের উপরে আবেদনকৃত পদের নাম অবশ্যই স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(১০) আবেদনপত্র মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) বরাবরে ১৫/০৯/২০২১ তারিখ, বিকাল ৬.০০ ঘটিকার মধ্যে ডাক/কুরিয়ারযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

(১১) দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

(প্রকাশ চন্দ্র বৈরাগী)
সচিব, আইবিবি